

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	১১/১২/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, মেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর)
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মৎস্য জরিপ কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের (স্টেকহোল্ডারগণের) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের পরিকল্পনা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি দাপ্তরিক ও নাগরিক সেবা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত শূদ্ধাচার ও নৈতিকতা চর্চার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সভায় অবহিত করেন যে, মৎস্য অধিদপ্তরীয় সেবা প্রদানসহ অন্যান্য কার্যক্রম সঠিকভাবে স্বচ্ছতার সাথে সম্পাদন করার জন্য প্রতিটি দপ্তরে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রতিটি দপ্তরে সরকারের নির্দেশনা মোতাবেক ১ (এক) জন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও একজন আপীল কর্মকর্তা রয়েছেন যা অফিসিয়াল ওয়েবসাইটসহ নোটিশ বোর্ডেও প্রদর্শন করা হয়েছে। দপ্তরের কোন সেবা প্রদান বা সংশ্লিষ্ট অন্য যেকোন বিষয়ে কারও অভিযোগ থাকলে লিখিতভাবে অভিযোগ বাক্সে জমা প্রদান অথবা অনলাইনে দপ্তরের ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে যা অভিযোগকারীকে জানানো হবে। যদি অভিযোগ কারী এতে সন্তুষ্ট না হন তবে তিনি আপীল কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন। তিনি এতদবিষয়ে সভায় অংশগ্রহণকারীদের মতামত পেশ করার অনুরোধ জানান। অংশগ্রহণকারীগণ সরকারের গৃহিত এ কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। এতে সরকারী কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতার ক্ষেত্র তৈরী হবে এবং সেবা গ্রহীতাগণ তাদের প্রত্যাশিত সেবা পাবেন বলে সভায় অভিমত পোষন করা হয়।

সিদ্ধান্তঃ

১. কোন নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবাসমূহ থেকে বঞ্চিত হলে অথবা সেবা প্রাপ্তিতে বা সেবা প্রদান পদ্ধতিতে অসন্তুষ্ট হলে আবেদনের মাধ্যমে অভিযোগ করতে হবে। অভিযোগকারী সরাসরি আবেদন না করে অনলাইনে (ই মেইল অথবা অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ওয়েবসাইটের সাধ্যমে) আবেদন করতে হবে।
 ২. প্রতিটি দপ্তরের ওয়েবসাইটে এবং দপ্তরের দৃশ্যমান স্থানে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তা তথ্য হালনাগাদ রাখতে হবে। এছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ রাখতে হবে।
- সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান
জেলা মৎস্য কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক (রুটিন দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৩) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৫) জনাব.....



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান
জেলা মৎস্য কর্মকর্তা